

অপরাহ্নে ঘরে ফেরা

ডাঃ জাফর হোসেন

প্রজাপতির পাখায় যৌবনের সুচনা
বর্ণময় কোমল স্নর্গালী সময়।
তরল হৃদয় নিয়ে নিঃশংক জীবন
ভেসে যায় আনন্দ সরোবরে।

বিশাল আকাশ স্বপ্নের ক্যানভাস
রংধনুর সাতরং এ আকা
আমার যৌবন -পিছু ফিরে চাই
পলায়মান ট্রেনের জানালা থেকে।

বর্ণ হীন রক্ষভূমি জল তৃষ্ণায় কাতর
জীবনের রং মুছে যায় রুদ্র রোদ্রতাপে।
পাতানো তাসের ঘর বুকে পড়ে রয়,
নিঃসীম বালির আদিগন্ত সমুদ্রে।

চারিদিকে কথা না রাখার দল
আমার অন্তর এখন কালিময়।
ভুলে গেছি কচি পাতার সবুজ কাব্য
ভুলে গেছি আমার মাকে।

এখন সময় হেমন্তের পাতা ঝরার।
এখন সময় আমার ঘরে ফেরার।